গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন ধলেশ্বরী নদীর বাম তীরবর্তী গাছ-কুমুল্লি, বারপাখিয়া এবং নাগরপুর উপজেলার ঘোনাপাড়াসহ বাবুপুর-লাউহাটি এফসিডি প্রকল্প এলাকায় তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-১২-২০২০।
সভার সময়	বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভায় জানান যে, আলোচ্য প্রকল্পটি গত জানুয়ারি, ২০১৭ সময়ে শুরু হয় এবং আগামী জুন, ২০২১ তারিখের মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পটির সংশোধিত ডিপিপি মোতাবেক প্রাক্কলিত ব্যয় ১২৪৮৯.০৫ লক্ষ টাকা।

২। সভায় প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত

১	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভায় জানান, প্রকল্পটির দুইটি অঙ্গ-যথা: প্রতিরক্ষা কাজ-২.৫৩০ কিঃ মিঃ এবং ধলেশ্বরী নদী ড্রেজিং ৭.৪৫ কিঃ মিঃ। ৫ (পাঁচ)টি প্যাকেজে প্রতিরক্ষা কাজের ২.৫৩০ কিঃ মিঃ এর মধ্যে ইতোমধ্যেই ২.১৩০ কিঃ মিঃ সম্পাদিত হয়েছে। অবশিষ্ট ০.৪০০ কিঃমিঃ (৯৪.২৫ মিটার এন্ড টারমিনেশনসহ) প্রতিরক্ষা কাজ সম্বলিত প্যাকেজটির কাজ সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক গত ১২ নভেম্বর ২০২০ তারিখে সিসি. ব্লক কাষ্টিং আরম্ভ করা হয়েছে। প্যাকেজটির কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। গত ১ (এক) মাসে উক্ত প্যাকেজের কাজের অগ্রগতি মাত্র ২.৭৫%। বর্তমানে সাইটে নির্মাণ সামগ্রী নেই। সিসি. ব্লক কাষ্টিং বন্ধ রয়েছে। ঠিকাদারকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর থেকে কয়েক দফায় পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু ঠিকাদারের কোন সাড়া পাওয়া যায়নি। প্রকল্পটির অপর অঙ্গ-ধলেশ্বরী নদী ড্রেজিং কাজ চলমান রয়েছে। ইতোমধ্যেই ৭.৪৫ কিঃমিঃ দৈর্ঘ্যের মধ্যে প্রায় ৬.৫০ কিঃমিঃ ধলেশ্বরী নদী ড্রেজিং কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট কাজও দ্রুত সমাপ্তির লক্ষ্যে প্রয়োনীয় কাযর্ক্রম গ্রহন করা হয়েছে। চলতি বছরের ফেব্রুয়ারি-মার্চের মধ্যেই ড্রেজিং কাজ সমাপ্ত হবে। তিনি আরও জানান, প্রকল্পটির আওতায় বাস্তবায়িত প্রতিরক্ষা কাজের ৫(পাচঁ)টি প্যাকেজের মধ্যে “প্যাকেজ নং বিএল-৫/২০১৮-১৯” এর কাজটি প্রায় ২৯৫ মিটার দৈর্ঘ্যে প্রতিরক্ষা কাজ ক্ষতিগ্রস্থ হয়েছে। চলতি বছরের বন্যা মৌসুমে ধলেশ্বরী নদীর পানি সমতল বিপদসীমার প্রায় ১৫১ সে:মি: উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পানি প্রবাহের প্রচন্ড চাপে প্রতিরক্ষা কাজের ২৯৫ মিটার দৈর্ঘ্যে লাঞ্চিং এপ্রোণ ও স্লোপের অংশ বিশেষের সি.সি. ব্লক ধ্বসে গিয়ে প্রতিরক্ষা কাজটি ক্ষতিগ্রস্থ হয়েছে। তবে সংশ্লিষ্ট ঠিকাদার-কে কাজটি চূড়ান্ত করে এখনো চূড়ান্ত বিল প্রদান না করায় কাজটি সমাপ্ত ঘোষিত হয়নি। ইতিমধ্যেই সংশ্লিষ্ট ডিজাইন দপ্তর হতে Additional Dumping সহ অনুমোদিত ডিজাইন পাওয়া গেছে। অনুমোদিত ডিজাইনের আলোকে উক্ত মেরামত/পূণর্বাসন কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক প্রায় ৪৩৭.০০ লক্ষ টাকা প্রয়োজন হবে। প্রকল্পের ডিপিপিতে প্রতিরক্ষা কাজের অঙ্গে এ পরিমান অর্থ সাশ্রয় না থাকায় ড্রেজিং অঙ্গের সাশ্রয়কৃত অর্থ এ খাতে উপযোজন করে ভেরিয়েশন অর্ডারের মাধ্যমে কাজটি মেরামত/পূণর্বাসন করা যাবে। এ পর্যায়ে সভাপতি টাঙ্গাইল জেলার প্রকল্পের কাজ সরাসরি পরিদর্শন করবেন মর্মে অভিমত ব্যক্ত করেন।	ক) ক্ষতিগ্রস্ত প্রতিরক্ষা কাজ মেরামতের লক্ষ্যে নিয়মানুযায়ী প্রকল্পের আন্তঃঅঙ্গ উপযোজন করা সম্ভব হলে ডিপিপিতে আন্ত:অঙ্গ ব্যয় অন্তর্ভুক্ত করে প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে : বাপাউবো/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ পাসম।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩২.১৭-৪৫৮

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, বা/এ, ঢাকা।
১৬) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন ধলেশ্বরী নদীর বাম তীরবর্তী গাছ-কুমুল্লি, বারপাখিয়া এবং নাগরপুর উপজেলার ঘোনাপাড়াসহ বাবুপুর-লাউহাটি এফসিডি প্রকল্প এলাকায় তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্প, ময়মনসিংহ পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
১৮) নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল।
১৯) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৫), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবাসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব